৮৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কেন্দ্রীয় তহবিল
শ্রম ভবন, ১৯৬ বিজয় নগর, ঢাকা

নং-৪০.০৬.০০০০.০০১.৩০.০০১.১৭- ৩৪৯

তারিখ ১৬ কার্তিক ১৪৩৩ / ০১ নভেম্বর ২০২৬

কোটেশন বিজ্ঞপ্তি

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় পরিচালিত কেন্দ্রীয় তহবিলের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য টোনার ও অন্যান্য স্টেশনারি ক্রয়ের নিমিত্ত প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব প্যাডে সিলমোহরকৃত কোটেশন আহ্বান করা যাচ্ছে।

২। কোটেশনে টোনার ও অন্যান্য স্টেশনারির বিবরণ সংবলিত সিডিউল আগামী ০১-১১-২০২৬ হতে ০৫-১১-২০২৬ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত অফিস চলাকালে কেন্দ্রীয় তহবিলের পরিচালক মহোদয়ের অফিসকক্ষে (শ্রম ভবন, লিফটের-২) হতে সংগ্রহ করা যাবে । কোটেশনে বর্ণিত শর্তসমূহ পূরণকরত আগামী ১২-১১-২০২৬ তারিখ দুপুর ১২.৩০ টার মধ্যে মহাপরিচালক বরাবর তাঁর অফিস-কক্ষে রক্ষিত বাক্সে সিলমোহরকৃত কোটেশন দাখিল করতে হবে।

৩। কোটেশনের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর পরিশোধ সংক্রান্ত প্রত্যয়নপত্র, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং আর্থিক স্বচ্ছলতা প্রমাণস্বরূপ ব্যাংক কর্তৃক প্রদত্ত প্রত্যায়নপত্রের কপি দাখিল করতে হবে।

৪। প্রাপ্ত কোটেশনসমূহ আগামী ১৫-১১-২০২৬ তারিখ দুপুর ১২.০০ টায় কেন্দ্রীয় তহবিলের পরিচালক মহোদয়ের অফিসকক্ষে (শ্রম ভবন, লিফটের-২) কোটেশনদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতীত যে কোনো কোটেশন গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

সংযুক্তঃ ১। কোটেশন তফসিল ও কোটেশন শর্তাবলি।

১০/১১/২৬
তাহমিনা বেগম
পরিচালক

বিতরণঃ

১। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
২। মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, বিজয়নগর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৩। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৪। সহকারী পরিচালক (আইটি), কেন্দ্রীয় তহবিল, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কেন্দ্রীয় তহবিল
শ্রম ভবন, বিজয় নগর, ঢাকা

কোটেশন তফসিল

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় পরিচালিত কেন্দ্রীয় তহবিলের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য টোনার ও অন্যান্য স্টেশনারি ক্রয়।

প্রতি, মেসার্স---------- ---------- ---------- ----------	সরবরাহের সময়সীমাঃ কার্যাদেশে নির্ধারিত সময়ের মধ্যে টোনার ও অন্যান্য স্টেশনারি সরবরাহ করতে হবে। (সতর্কতার সাথে খুঁটিনাটি পড়িয়া বুঝিয়া কোটেশন দাখিল করা আবশ্যক)

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় পরিচালিত কেন্দ্রীয় তহবিলের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য সংযুক্ত তালিকা অনুযায়ী টোনার ও অন্যান্য স্টেশনারি ক্রয় করার জন্য প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারীর নিকট হতে নিজস্ব প্যাডে সীলমোহরকৃত কোটেশন আহ্বান করা যাচ্ছে। কোটেশন আগামী ১২-১১-২০২৬ তারিখ দুপুর ১২.৩০ টার মধ্যে কেন্দ্রীয় তহবিলের পরিচালক মহোদয়ের অফিসকক্ষে (শ্রম ভবন, লিফটের-২) এ রক্ষিত কোটেশন বাক্সে জমা নেয়া হবে। ১৫-১১-২৬ তারিখ দুপুর ১২.০০ টায় দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) কোটেশন ওপেনিং কমিটি কর্তৃক কোটেশন বাক্স খোলা হবে। কোটেশনের শর্তাবলি নিম্নরূপ:

ইঞ্জিঃ মাগফুরুল আউয়াল মেরাজ
সহকারী পরিচালক, প্রশাসন (অতিরিক্ত দায়িত্ব)
কেন্দ্রীয় তহবিল
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

কোটেশনের শর্তাবলিঃ

১। কোটেশনে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের অবশ্যই অফিস/শো-রুম থাকতে হবে। কৃতকার্য কোটেশনদাতার সাথে চুক্তিপত্র সম্পাদনের পূর্বে প্রয়োজনে প্রতিষ্ঠানের যথার্থতা যাচাইয়ের জন্য অফিস/শো-রুম পরিদর্শন করা হবে;

২। কোটেশনে অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত সকল কাগজপত্রের ফটোকপি কোটেশনের সাথে আবশ্যিকভাবে দাখিল করতে হবে;

(ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স;
(খ) হালনাগাদ আয়কর পরিশোধ সংক্রান্ত প্রত্যয়নপত্র;
(গ) ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট;
(ঘ) ব্যাংক সলভেন্সি;
(ঙ) ৩ টি সরকারি প্রতিষ্ঠানে অনুরুপ মালামাল সরবরাহের অভিজ্ঞতা।

৩। কোটেশনের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সীলমোহরযুক্ত টোনার ও অন্যান্য স্টেশনারির নমুনা/স্পেসিফিকেশন/ব্রুশিয়ার দাখিল করতে হবে;

৪। টোনার ও অন্যান্য স্টেশনারি সরবরাহের কার্যাদেশ পাওয়ার পর কার্যাদেশে উল্লিখিত সময়ের মধ্যে টোনার ও অন্যান্য স্টেশনারি সরবরাহ করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে মানসম্মত টোনার ও অন্যান্য স্টেশনারি সরবরাহে ব্যর্থ হলে কোটেশন বাজেয়াপ্তকরণসহ সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত করা হবে;

৫। সরবরাহকৃত টোনার ও অন্যান্য স্টেশনারি দাখিলকৃত নমুনা/স্পেসিফিকেশন্স অনুযায়ী না হলে এবং টোনার ও অন্যান্য স্টেশনারির গুণগতমান সঠিক না হলে তা পরিবর্তন করে নমুনা/স্পেসিফিকেশন্স মোতাবেক সরবরাহ করতে ঠিকাদারী প্রতিষ্ঠান বাধ্য থাকবে। অন্যথায় কোটেশন বাতিল করা হবে;

৬। কোটেশনের দর উপরিলিখন/ওভার রাইটিং অথবা কাটাকাটি করা যাবে না;

৭। বর্ণিত কোন আইটেমের একাধিক দর উল্লেখ/দাখিল করতে পারবে না;

৮। কোটেশনের সাথে সংযুক্ত সকল কাগজপত্রের প্রতি পৃষ্ঠায় কোটেশনদাতার স্বাক্ষর ও সীল থাকতে হবে;

৯। কোটেশন মূল্যায়ণ কমিটির সিদ্ধান্ত ও সিডিউলে বর্ণিত নির্দেশনা মোতাবেক দরদাতা নমুনা/স্পেসিফিকেশন্স অনুযায়ী টোনার ও অন্যান্য স্টেশনারি সরবরাহ করবেন। টোনার ও অন্যান্য স্টেশনারির উপর ঠিকাদার/প্রস্তুতকারীর সীল/মনোগ্রাম উল্লেখ থাকতে হবে;

১০। সরবরাহকৃত সামগ্রীর প্রদেয় বিল হতে সরকার নির্ধারিত হারে বিধি মোতাবেক ভ্যাটসহ সকল প্রকার প্রযোজ্য কর কর্তনের পর কোটেশনদাতার বিল পরিশোধ করা হবে;

১১। কার্যাদেশ মোতাবেক টোনার ও অন্যান্য স্টেশনারি সরবরাহের পর মূল্য পরিশোধের জন্য বিল ও চালানের কপি কেন্দ্রীয় তহবিলের মহাপরিচালক এর বরাবরে দাখিল করতে হবে;

১২। শর্তযুক্ত ও অসম্পূর্ণ কোটেশন গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। কোটেশনের সাথে সরবরাহকৃত নমুনা/স্পেসিফিকেশন সিডিউলে চাহিত নমুনা/স্পেসিফিকেশনের অনুরূপ না হলে কোটেশন গ্রহণযোগ্য হবে না;

১৩। কার্যাদেশ মোতাবেক টোনার ও অন্যান্য স্টেশনারি সন্তোষজনকভাবে সরবরাহ করতে ব্যর্থ হলে সরবরাহকারীর কোটেশন বাজেয়াপ্ত করা হবে। এরূপ ক্ষেত্রে পুনঃ কোটেশনের মাধ্যমে দ্রব্যাদি ক্রয় করা হবে এবং এতে যদি পূর্বাপেক্ষা অতিরিক্ত অর্থ খরচ হয় তবে পূর্ব সরবরাহে ব্যর্থ ঠিকাদারের নিকট হতে অতিরিক্ত অর্থ আদায় করা

হবে। উক্ত অতিরিক্ত অর্থ ঠিকাদার অথবা অন্য কোন চুক্তির অধীনে পরিশোধযোগ্য বিল হতে কর্তন করা হবে অথবা P.D.R Act-1913 এর বিধান মতে ঠিকাদারের নিকট হতে আদায়ের ব্যবস্থা করা হবে;

১৪। কোটেশনের শর্তসমূহের কোন ব্যাখ্যা নিয়ে দ্বিমত দেখা দিলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১৫। নির্দিষ্ট সময়ের পরে অর্থাৎ বিলম্বে দাখিলকৃত কোটেশন গ্রহণ করা হবে না;

১৬। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ন্যূনতম ৩০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকিবে।

১৭। ক্রয়াদেশ প্রাপ্ত কোটেশনদাতাকে প্রাপ্য বিল পরিশোধের তারিখ হতে মোট চুক্তিমূল্যের ১০% টাকা নিরাপত্তা জামানত হিসেবে ৩ মাস কেন্দ্রীয় তহবিলে জমা থাকবে।

১৮। উদ্ধৃত একক দর ও মূল্যের মধ্যে অসংগতি থাকিলে একক দর প্রাধান্য পাইবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর প্রাধান্য পাইবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণীত গাণিতিক সংশোধন গ্রহণে দরপত্রদাতা বাধ্য থাকিবে।

১৯। ক্রয় আদেশ জারির তারিখ হইতে ১৫ দিনের মধ্যে পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করিতে হইবে।

২০। উপর্যুক্ত শর্তাবলির সব কয়টি যথাযথভাবে পূরণ করা না হলে কোটেশন বাতিল বলে গণ্য হবে;

২১। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ছাড়াই যে কোন কোটেশন সম্পূর্ণ কিংবা আংশিক গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

ইঞ্জিঃ মাগফুরুল আউয়াল মেরাজ
সহকারী পরিচালক, প্রশাসন (অতিরিক্ত দায়িত্ব)
কেন্দ্রীয় তহবিল
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কেন্দ্রীয় তহবিল
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

কম্পিউটার টোনার ও ষ্টেশনারী মালামালের তালিকা

ক্রঃনং	পন্যের নাম	বিবরণ	পরিমান
১.	অফসেট পেপার A-4 size	80 Gsm	১৭৯
২.	ফটোকপি পেপার A-4 size	70 Gsm	৩০
৩.	বলপেন কালো		৯৪
৪.	বলপেন লাল		১০০
৫.	পেনসিল	২বি	১০০
৬.	রাবার/ইরেজার		৫০
৭.	শাপনার/পেন্সিল কাটার		৫০
৮.	স্কেল (ষ্টীল)	১২ ইঞ্চি	২৫
৯.	হাইলাইটার পেন	মাল্টি কালার	৫০
১০.	স্ট্যাপলার মেশিন		৮
১১.	পাঞ্চ মেশিন	ডাবল	৩
১২.	পাঞ্চ মেশিন	সিঙ্গেল	১৫
১৩.	পিন রিমোভার		১৪
১৪.	স্ট্যাপলার পিন	২৪/৬	১০০
১৫.	রেজিস্ট্রার খাতা	২০০ পাতার	২০
১৬.	ক্যাশবুক	২০০ পাতার	২০
১৭.	হ্যান্ড ওয়াস	২০০ মিলি	৩০
১৮.	ডিস ওয়াস (লিকুইড)	৪৭৫ মিলি	৫
১৯.	ফাইল কভার	খাকি কালার	৪৯
২০.	ফাইল বাইন্ডার (ফিতা)		১৭৬
২১.	রেকসিন টেপ/কসটেপ	মাল্টি কালার	৬৮
২২.	প্লাস্টিক ফোল্ডার	স্বচ্ছ কালার	১৫০
২৩.	প্লাস্টিক ফোল্ডার (ভি.আই.পি)	মাল্টি কালার	৫০
২৪.	জেমস ক্লিপ (বক্স)	১০০ পিছের বক্স	৮
২৫.	পেপার ক্লিপ	41 mm (বক্স), ১ ডজন	৬
২৬.	পেপার ক্লিপ	32 mm (বক্স), ১ ডজন	৬
২৭.	কাচি	১২ ইঞ্চি	১০
২৮.	ফেসিয়াল টিস্যু	১০০ পিছ ২ প্লাই	১৩৮
২৯.	টয়লেট টিস্যু	২১২ শিট ২ প্লাই	১৫০
৩০.	এরোসল	৩৫০ মিলি	৩০
৩১.	এয়ার ফ্রেশনার	৩০০ মিলি	৩০
৩২.	নেপথলিন	১ কেজির প্যাক	৩

৩৩.	পেপার ওয়েট		১০
৩৪.	স্ট্যাম্প প্যাড		৫
৩৫.	ব্যাটারী	AAA ও AA	৩০ ও ৫৪
৩৬.	ডাস্টার	কাপড়	৫০
৩৭.	ওয়াটার গ্লু		২৪
৩৮.	মার্কার পেন	কালো	৪৭
৩৯.	এন্টি কাটার/ ছুরি		২০
৪০.	মানিস্পন্স		১২
৪১.	ক্লিপ বোর্ড		১০
৪২.	মাল্টি প্লাগ	ব্রেকার যুক্ত ৪ হোল	১০
৪৩.	ডাক ফাইল		৫
৪৪.	কাপ-প্রিচ	সিরামিক	১২
৪৫.	চা-চামিচ	SS	২৪
৪৬.	স্ট্যাম্প প্যাডের কালি		৬
৪৭.	সার্জিক্যাল মাস্ক	উন্নতমানের	১৬
৪৮.	মাউস প্যাড		১৫
৪৯.	কাটা চামচ	SS	২৪
৫০.	জেল পেন কালো	v.5	২০
৫১.	জেল পেন	(Executive)	৩২
৫২.	ন্যাপকিন টিসূ	13"x13" 1 ply 100 pcs	৩৮
৫৩.	চিনির পট	সিরামিক	২
৫৪.	পিলার	SS	২
৫৫.	চপিং বোর্ড		২
৫৬.	পানির বোতল	কাচের/ SS ৫০০ মিলি	২০
৫৭.	ওডনিল		২৫
৫৮.	ক্যালকুলেটর	১২ ডিজিট	৮
৫৯.	গ্লাস ক্লিনার	৩০০-৪০০ মিলি	১২
৬০.	কার সেন্ট	১০০-২০০ মিলি	০৮
	কম্পিউটার সামগ্রী		
৬১.	প্রিন্টার টোনার (Hp 79-A)	লেজার কার্টিজ	২০
৬২.	ফটোকপি মেশিন টোনার (Sharp bp 50m45)	অরজিনাল	১
৬৩.	প্রিন্টার টোনার (Mfp- m479dw)	লেজার কার্টিজ	১
৬৪.	কিবোর্ড	বাংলা এবং ইংরেজি টাইপিং	৫
৬৫.	মাউস	ওয়্যারলেস	১০
৬৬.	পেনড্রাইভ	usb ৩.২	৮

ইঞ্জিঃ মাগফুরুল আউয়াল মেরাজ
সহকারী পরিচালক, প্রশাসন (অতিরিক্ত দায়িত্ব)
কেন্দ্রীয় তহবিল
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়